**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মার্চ ৭, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/ ০৬ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৬০-আইন/২০১৯।**—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ৩০ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ১৪ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫৭-আইন/২০১৭ দ্বারা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং ২৫ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ১০ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৯৩-আইন/২০১৮ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬(ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১৩ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে উত্তীর্ণ হইবে; এবং

যেহেতু বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার মেয়াদ আরও ৬(ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৪ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারহানা ইসলাম**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০